

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪১৫৩

আগরতলা, ১১ ডিসেম্বর, ২০২৩

বিকশিত ভারত ৩২০৪৭ আইডিয়াস পোর্টালের উদ্বোধন
বিকশিত ভারত গভর্নিৎ কাউন্সিলের যে রোড ম্যাপ রয়েছে
তা রূপায়ণে আমাদের একসঙ্গে কাজ করতে হবে : রাজ্যপাল



প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সকালে নয়াদিল্লি থেকে ভিডিও কনফারেন্সে বিকশিত ভারত ৩২০৪৭ ভয়েস অব ইয়ুথ অনুষ্ঠানের সূচনা করেন। তাছাড়াও প্রধানমন্ত্রী বিকশিত ভারত ৩২০৪৭ আইডিয়াস পোর্টালেরও উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানটি নয়াদিল্লি থেকে সরাসরি রাজ্যভবনে সম্প্রচার করা হয়। এ উপলক্ষে রাজ্যভবনের দরবারহলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাল্লু, ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর গঙ্গাপ্রসাদ প্রসেইন, এমবিবি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সত্যদেও পোদার, ত্রিপল আইটি আগরতলার অধিকর্তা প্রফেসর ড. অভয় কুমার, ইনফাই বিশ্ববিদ্যালয়ের ডিন, রাজ্যপালের সচিব উত্তম কুমার চাকমা প্রমুখ। তাছাড়াও বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও ছাত্রছাত্রীরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেডিড নাল্লু বলেন, প্রধানমন্ত্রী বিকশিত ভারত ৩২০৪৭-এর চিন্তা ভাবনা ও উদ্দেশ্য সম্পর্কে বলেছেন। এ বিষয়ে ব্যাপকভাবে বিশ্ববিদ্যালয় ও মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীদের মধ্যে আলোচনার প্রয়োজন। তাতে ছাত্রছাত্রীরা তাদের চিন্তাভাবনা একে অন্যের সঙ্গে বিনিময় করতে পারবে। বিকশিত ভারত গভর্নিৎ কাউন্সিলের যে রোড ম্যাপ রয়েছে তা রূপায়ণে আমাদের একসঙ্গে কাজ করতে হবে। আমাদের নতুন নতুন চিন্তাভাবনার বিষয়ে সেদিকে দৃষ্টি দেওয়ার প্রয়োজন রয়েছে। রাজ্যপাল বলেন, বিকশিত ভারত ৩২০৪৭-এর লক্ষ্যপূরণে বিশেষ করে মহিলাদের অংশগ্রহণ ও স্বশক্তিকরণ প্রয়োজন।

বিকশিত ভারত ৩২০৪৭ ভয়েস অব ইয়ুথ উদ্বোধনের পর দরবারহলে প্যানেল ডিসকাশন অনুষ্ঠিত হয়। প্যানেল ডিসকাশন পরিচালনা করেন উপাচার্য প্রফেসর গঙ্গাপ্রসাদ প্রসেইন। ভারতকে উন্নত দেশ হিসেবে গড়ে তুলতে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও ছাত্রছাত্রীগণ তাদের চিন্তাভাবনার কথা অনুষ্ঠানে তুলে ধরেন।
